

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১২

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৮. কোনো লোকের যে দাসীর গর্ভে তার সন্তান জন্মগ্রহণ করেছে, এমন দাসীকে বিক্রয় করা সম্পর্কে

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا شَرِيكٌ عَنْ حُسَيْنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا وَلَدَتْ أَمَةُ الرَّجُلِ مِنْهُ فَهِيَ مُعْتَقَةٌ عَنْ دُبُرٍ مِنْهُ أَوْ بَعْدَهُ

বাংলা

২৬১২. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "কোন ব্যক্তির ঔরসে তার বাঁদীর গর্ভে সন্তান হলে, সে বাঁদী তার (মালিকের) মৃত্যুর পর স্বয়ং দাসত্বমুক্ত হয়ে যাবে।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ 'যয়ীফ জিদ্ধান' বা অত্যন্ত দুর্বল হুসাইন ইবনু আব্দুল্লাহর কারণে।

তাখরীজ: দারুকুতনী ৪/১৩১; ইবনু আবী শাইবা ৬/৪৩৬ নং ১৬৩০; আব্দুর রাযযাক নং ১৩২১৯; আহমাদ ১/৩০৩, ৩১৭, ৩২০; ইবনু মাজাহ, আল ইতক ২৫১৫; হাকিম ২/১৯; বাইহাকী, ইতক ১০/৩৪৬।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন